

ক্রমিক নং	বিষয়	অনুমোদিত/পিসিপি অনুমোদিত প্রকল্প/কর্মসূচী	অননুমোদিত (সংশোধিত অননুমোদিত সহ) প্রকল্প/কর্মসূচী	অনুসরণীয় শর্তাবলী
১	২	৩	৪	৫
২।	শুল্ক ও মূল্য সংযোজন কর (CD VAT) পরিশোধের নিমিত্তে অর্থ অবমুক্তি	<p>(১) প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ শুল্ক ও মূল্য সংযোজন করের (CD VAT) জন্য নির্ধারিত বরাদ্দ থেকে ৫ নং কলামে বর্ণিত শর্ত অনুসরণ পূর্বক অর্থ বিভাগকে অবহিত রেখে প্রয়োজনের ভিত্তিতে (সংশ্লিষ্ট অর্থ বছরের জুলাই - মার্চ সময়ে) অর্থ অবমুক্ত করতে পারবে।</p> <p>(২) সংশোধিত বরাদ্দ অনুযায়ী এপ্রিল - জুন সময়ে অর্থ বিভাগের সম্মতিক্রমে এই খাতের অর্থ অবমুক্ত করা যাবে। সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচী চূড়ান্ত হওয়ার পূর্বে পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ ও অর্থ বিভাগের সম্মতিক্রমে এই খাতের অর্থ অবমুক্ত করা যাবে।</p> <p>(৩) স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে একই নিয়ম প্রযোজ্য হবে।</p>	<p>(১) পরিকল্পনা কমিশন এবং অর্থ বিভাগের সম্মতিক্রমে প্রকৃত প্রয়োজনের ভিত্তিতে নির্ধারিত পরিমাণ সিডি ভ্যাটের অর্থ প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ অবমুক্ত করতে পারবে।</p> <p>(২) স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের ক্ষেত্রেও একই নিয়ম প্রযোজ্য হবে।</p>	<p>(১) ১৯৬৯ সালের শুল্ক আইনের (এ্যাঙ্ক নং ৪, ১৯৬৯) ৩৪ নং ধারা অনুযায়ী শুল্ক কর্তৃপক্ষের অধীনে 'হিসাব চলতি (Account Current)' খুলে সেখানে সিডি ভ্যাট বাবদ অবমুক্তকৃত অর্থ জমা দিতে হবে। অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থার নামে একটি মাত্র 'হিসাব চলতি' খুলতে হবে এবং প্রত্যেক প্রকল্পের জন্য পৃথক পৃথক হিসাব বই রাখতে হবে। প্রকল্পের মালামাল একাধিক বন্দরের মাধ্যমে আমদানী করা হলে সংশ্লিষ্ট বন্দরের কাষ্টমস কর্তৃপক্ষের অধীনে অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থার নামে পৃথক 'হিসাব চলতি' খোলা যেতে পারে। 'হিসাব চলতি' খোলা না হলে কোন অর্থ ছাড় করা যাবে না।</p> <p>(২) অর্থ ছাড়ের প্রস্তাব সংলগ্নী-৭ সহ পাঠাতে হবে এবং সরকারী আদেশ সংলগ্নী - ৬ -এ বর্ণিত নির্ধারিত ছক অনুযায়ী জারী করতে হবে।</p> <p>(৩) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা সিডি ভ্যাট বাবদ অর্থের চেক শুধু মাত্র কাষ্টমস কর্তৃপক্ষের সংশ্লিষ্ট একাউন্ট কারেন্ট এর অনুকূলে প্রদান করবেন।</p> <p>(৪) প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ সিডি ভ্যাট অবমুক্তির পরিমাণ, পরিশোধ এবং 'হিসাব চলতি'র জের ইত্যাদির বাৎসরিক বিবরণী (সংলগ্নী - ৭ অনুযায়ী) অর্থ বিভাগ, সি.এ.ও. অফিস এবং জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করবে।</p> <p>(৫) সংশ্লিষ্ট কাষ্টমস কর্তৃপক্ষ তাদের আওতায় পরিচালিত 'হিসাব চলতি' তে ৩০ শে জুনের ব্যালেন্স সংলগ্নী - ৭ অনুযায়ী সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ, অর্থ বিভাগ এবং সিএও অফিসে জুলাই মাসে প্রেরণ করবে।</p> <p>(৬) প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ যতক্ষণ পর্যন্ত সিডি ভ্যাট পরিশোধ করার জন্য অর্থের প্রয়োজন আছে বলে নিশ্চিত না হবে ততক্ষণ পর্যন্ত এ বাবদ অর্থ ছাড় করবে না। মোট ছাড়কৃত অর্থ যাতে সংশ্লিষ্ট অর্থ বছরের মধ্যেই ব্যয় হয় তাও নিশ্চিত করতে হবে। উন্নয়ন প্রকল্প/উন্নয়ন কর্মসূচীর জন্য প্রকল্প সাহায্যের অর্থে মটরযান ক্রয়/ আমদানীর ক্ষেত্রে সিডিভ্যাটের অর্থ ছাড়ের পূর্বেই অর্থ বিভাগের পূর্ব সম্মতি গ্রহণ করতে হবে।</p> <p>(৭) প্রকল্প চলাকালীন সময়ে সিডিভ্যাট পরিশোধের পর যদি কোন অর্থ অব্যয়িত থেকে যায় তবে তা সংশ্লিষ্ট 'হিসাব চলতিতে'ই জমা থাকবে এবং এ অর্থ পরবর্তী অর্থ বছরের বরাদ্দের সাথে সমন্বয় পূর্বক প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ সিডিভ্যাট অবমুক্তির আদেশ জারী করতে পারবে।</p> <p>(৮) প্রকল্পের শেষ বর্ষে অথবা তার পূর্বে প্রকল্প দলিল অনুযায়ী সমুদয় মালামাল যন্ত্রপাতি ইত্যাদি আমদানী সমাপ্ত হয়ে থাকলে সমুদয় সিডি ভ্যাট পরিশোধের পর 'হিসাব চলতি তে জমা</p>